# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

## Bengali Text Bulletin

**Date: 09.04.24** **Time: 7.35 A.M.**

---

বিশেষ বিশেষ খবর

১) নতুন দিল্লি নির্বাচন কমিশনের দপ্তরের সামনে দলীয় প্রতিনিধিদের হেনস্তার ঘটনায় তৃণমূল কংগ্রেস কমিশনের ভূমিকা নিয়ে প্রশ্ন তুলেছে।

ভূপতিগরের ঘটনায় কি পদক্ষেপ নেওয়া হবে, তা কমিশনই ঠিক করবে বলে বিরোধী দলনেতা জানিয়েছেন।

২) ভূপতিগরে বিজেপি নেতার গ্রেপ্তারি নিয়ে কলকাতা হাইকোর্ট ক্ষোভ ব্যক্ত করেছেন।

৩) রাজ্যে, প্রথম পর্যায়ের ভোটের চূড়ান্ত প্রস্তুতি এবং আইন শৃঙ্খলা পরিস্থিতি সরেজমিনে খতিয়ে দেখতে আজ বিশেষ পুলিশ পর্যবেক্ষক অনিল কুমার শর্মা সেখানে যাচ্ছেন।

৪) বামফ্রন্টের শরিক ফরওয়ার্ড ব্লক এবারের লোকসভা নির্বাচনে এরাজ্যে মোট তিনটি আসনে প্রার্থী দিচ্ছে।

৫) ঈদ উপলক্ষে মৈত্রী ও খুলনা বন্ধন এক্সপ্রেস সাময়িকভাবে বাতিল করা হয়েছে।

---

ভূপতিনগরে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা এনআইয়ের অতি সক্রিয়তা নিয়ে নতুন দিল্লি নির্বাচন কমিশনের দপ্তরে অভিযোগ জানানোর পর ধরনা অবস্থানে দলীয়

প্রতিনিধিদের হেনস্তার ঘটনায় তৃণমূল কংগ্রেস নির্বাচন কমিশনের ভূমিকা নিয়েই প্রশ্ন তুলেছে। ধরনা কর্মসূচি থেকে বলপূর্বক প্রতিনিধি দলের সদস্যদের সরিয়ে দেওয়ার পর তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক গতরাতে রাজভবনে গিয়ে রাজ্যপালের সঙ্গে সাক্ষাৎ করেন। সঙ্গে ছিলেন মেয়র ফিরহাদ হাকিম মন্ত্রী শশী পাঁজা ব্রাত্য বসু সহ ১১ জন নেতা। রাজভবন থেকে বেরিয়ে সাংবাদিকদের সামনে অভিষেক বলেন, ডেরেক ও ব্রায়েন সহ দলের সাংসদরা দিল্লিতে কোনও সরকারি দফতরের সামনে ধর্নায় বসেননি। তাঁরা নির্বাচন সদনের সামনে ধর্নায় বসেছিলেন। শান্তিপূর্ণ ভাবে ধর্না দেওয়ার গণতান্ত্রিক অধিকার সবার রয়েছে। কিন্তু নির্বাচন কমিশন তাঁদের পুলিশ দিয়ে তুলে দিয়েছে। আদর্শ আচরন বিধি চালু হয়ে যাবার পর সারাদেশ প্রশাসনিক ব্যবস্থা নির্বাচন কমিশন নিয়ন্ত্রণ করে। তা সত্ত্বেও যেভাবে দলের সদস্য বিশেষ করে মহিলাদের হেনস্তা করা হয়েছে তা গণতন্ত্রের উপর আক্রমণের সামিল। যথাযথ তথ্য প্রমাণ দেওয়া সত্ত্বেও নির্বাচন কমিশন কোনো ব্যবস্থা নেয়নি বলে অভিষেক অভিযোগ করেন।

(বাইট- অভিষেক)

অভিষেক আরো বলেন, এ বিষয়ে তিনি নির্বাচন কমিশনের সঙ্গে কথা বলে তাঁদের ইমেলের মাধ্যমে জানাবেন বলে রাজ্যপাল কথা দিয়েছেন। ২৪ ঘণ্টার মধ্যে কাজ না হলে আজ আবার আসবেন তাঁরা।

---------------------

ভূপতিনগরে এনআইএ-র ওপর হামলার ঘটনা নিয়ে বিজেপি নির্বাচন কমিশনের কাছে যে অভিযোগ করেছে, তার প্রেক্ষিতে কমিশন কি ব্যবস্থা নেয়, তা সময় বলবে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী জানিয়েছেন। গতকাল শ্রী অধিকারি নেতৃত্বে বিজেপির এক প্রতিনিধি দল রাজ্যের বিশেষ পুলিশ পর্যবেক্ষক অনিল কুমার শর্মার সঙ্গে

দেখা করে সাত দফা লোকসভা নির্বাচন হিংসামুক্ত করার আর্জি জানান। দপ্তররে বাইরে সাংবাদিকদের শ্রী অধিকারি বলেন, এব্যাপারে সিদ্ধান্ত নেওয়ার অধিকার একমাত্র দিল্লীর নির্বাচন কমিশনেরই রয়েছে।

বাইট

---------------------

পূর্ব মেদিনীপুরের ভূপতিনগরের এক বিজেপি নেতার গ্রেফতারের ঘটনায় পুলিশের রিপোর্টে ক্ষুব্ধ কলকাতা হাইকোর্ট। তপন মিদ্যা নামে ওই বিজেপি নেতার আইনজীবীর অভিযোগ, তাঁর মক্কেলের বিরুদ্ধে গত তিন বছরে ২৬টি ফৌজদারি মামলা রুজু করে পুলিশ। ১৫টি চার্জশিটও জমা করে। তাঁর বিরুদ্ধে কোনও এফআইআর না থাকলেও তাঁকে গ্রেফতার করেছে পুলিশ। এ নিয়ে হাইকোর্টের দ্বারস্থ হন ওই বিজেপি নেতা।

এ ব্যাপারে আদালতের নির্দেশে গতকাল রিপোর্ট জমা দেয় ভূপতিনগর থানা। রিপোর্টে পুলিশ জানায়, ওই অভিযুক্তকে আদালত রক্ষাকবচ দিলে, তিনি আসন্ন নির্বাচন বানচালের চেষ্টা করতে পারেন। সেই রিপোর্ট দেখেই ক্ষুব্ধ হন বিচারপতি জয় সেনগুপ্ত। ২৪ ঘণ্টার মধ্যে ওই রিপোর্টের ব্যাখ্যা দেওয়ার জন্য ভূপতিনগর থানার ওসিকে নির্দেশ দিয়েছে আদালত।

---------------------

রাজ্যের পাঁচ থানা ছাড়া আর কোথায় কোথায় রেশন দুর্নীতির মামলা রয়েছে, তা কলকাতা হাইকোর্ট জানতে চেয়েছে। গতকাল বিচারপতি জয় সেনগুপ্তর এজলাসে এই মামলার শুনানি ছিল। বিচারপতি জানান, পাঁচ থানায় দায়ের হওয়া ৬ টি মামলা সিবিআই-কে হস্তান্তরের আবেদন জানিয়েছে ইডি। সেই তালিকার বাইরে আর কোনো

মামলা আছে কিনা, সেই তথ্য পেতেই রাজ্যের কাছে রিপোর্ট তলব করা হয়েছে। ১৩ই মে মামলার পরবর্তী শুনানি।

এদিকে, রেশন দুর্নীতি মামলায় ধৃত শেখ শাহজাহানের স্ত্রী তসলিমা বিবিকে গতকাল সিজিও কমপ্লেক্সে ইডি আধিকারিকরা সকাল থেকে রাত ৯ টা পর্যন্ত জেরা করে। মূলত সম্পত্তি সংক্রান্ত বিষয়ে জিজ্ঞাসাবাদের জন্যই তাকে হাজিরা দেওয়ার জন্য তলব করা হয়েছিল।

অন্যদিকে, শেখ শাহজাহানের আজ স্বাস্থ্য পরীক্ষা করা হবে। আদালতের নির্দেশে এক দিন অন্তর তার জোকার ইএসআই হাসপাতালে শারীরিক পরীক্ষা নিরীক্ষা করানো হচ্ছে।

---------------------

রাজ্যে, প্রথম পর্যায়ের ভোটের চূড়ান্ত প্রস্তুতি এবং আইন শৃঙ্খলা পরিস্থিতি সরেজমিনে খতিয়ে দেখতে আজ  বিশেষ পুলিশ পর্যবেক্ষক অনিল কুমার শর্মা সেখানে যাচ্ছেন। আগামী 19শে এপ্রিল সারা দেশের সঙ্গে আলিপুরদুয়ার, কুচবিহার এবং জলপাইগুড়ি কেন্দ্রে ভোট নেওয়া হবে।

এদিকে, দ্বিতীয় পর্যায়ে বাড়ি থেকে ভোট দেওয়ার জন্য 10হাজার 658টি আবেদন পত্র জমা পড়েছে। এই পর্বে ভোট গ্রহণ হবে, দার্জিলিং রায়গঞ্জ এবং বালুরঘাটে আসনে।

উত্তরবঙ্গের জলপাইগুড়িতে প্রাকৃতিক দুর্যোগের জেরে যারা ভোটার ও আধার কার্ড সহ সব ধরনের পরিচয় পত্র হারিয়েছে্‌ তারা ভতার স্লিপ দেখিয়েই ভোট দিতে পারবেন বলে নির্বাচন কমিশন ফের জানিয়েছে।

---------------------

নির্বাচন কমিশন, রাজনৈতিক দল ও প্রার্থীদের ডামি বা নকল ব্যালট ব্যবহার করে ভোটারদের ভোট দানে শিক্ষিত করতে ছাড়পত্র দিয়েছে। গতকাল এক নির্দেশিকায়, কমিশন জানায় এই ডামি ব্যালট বাক্সর আয়তন, ভোটে ব্যবহৃত আসল ব্যালট বক্সের তুলনায় অর্ধেক হতে হবে ও এটি বাদামি, হলুদ ও ধূসর রঙের হবে। ডামি ব্যালট বক্স কাঠ, প্লাস্টিক অথবা প্ল্যাই বোর্ডের হবে। নকল এই ব্যালট বাক্সে, রাজনৈতিক দলের প্রার্থীর নাম, প্রতীক ও সিরিয়াল নম্বর ব্যবহার করা যাবে। এটিতে, ব্যাটারি চালিত বাটন ও ল্যাম্পও ব্যবহার করা যাবে বলে জানিয়েছে কমিশন।

---------------------

বঙ্গীয় প্রাদেশিক হিন্দু মহাসভা লোকসভা নির্বাচনে বিজেপিকে সমর্থন করবে বলে জানিয়েছে। কলকাতার প্রেস ক্লাবে গতকাল, এক সাংবাদিক বৈঠকে সংগঠনের সম্পাদক অনন্ত সিংহ রায় জানান, লোকসভা নির্বাচনে বিজেপি ক্ষমতায় আসবে এবং বাংলায় বেশি সংখ্যক আসনে জয়ী হবে সে বিষয়ে সংগঠন আশাবাদী । শ্রী রায় জানান, হিন্দু মহাসভার নাম করে কিছু স্বঘোষিত ব্যক্তি বিজেপির বিরুদ্ধাচারণ করছে এবং প্রকারান্তরে তৃণমূল কংগ্রেসকে সমর্থন করছে। হিন্দু মহাসভা এই আচরণের বিরোধিতা করে।

---------------------

বামফ্রন্টের শরিক ফরওয়ার্ড ব্লক এবারের লোকসভা নির্বাচনে এরাজ্যে মোট তিনটি আসনে প্রার্থী দিচ্ছে। দলের বাংলা কমিটির সম্পাদক নরেন চট্টোপাধ্যায় কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে জানান, পুরুলিয়ায় ধীরেন মাহাতো,

কোচবিহারে নীতিশ রায়, এবং বারাসাতে প্রবীর ঘোষ ফরওয়ার্ড ব্লকের হয়ে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করবে। তিনি বলেন, কোচবিহার ও বারাসাতের প্রার্থীর ক্ষেত্রে বামফ্রন্টের তরফে সিদ্ধান্ত হলেও দলের নিজস্ব সিদ্ধান্ত অনুসারে পুরুলিয়ায় প্রার্থী দেওয়া হচ্ছে। বৃহত্তর বাম ঐক্যের সমন্বয়ে তাঁরা নির্বাচনে লড়তে চান একথা উল্লেখ করে নরেন বাবু কোচবিহারে কংগ্রেসের এবং বারাসতে ISF এর প্রার্থী দেওয়ার ঘটনায় সমালোচনা করেন।

--------------------

উত্তর ২৪ পরগণার গাইঘাটায় মতুয়া ধর্মমেলা চলাকালীন মমতাবালা এবং শান্তনু ঠাকুরের দ্বন্দ্বের মধ্যেই লস্কর ই তৈবা জঙ্গী গোষ্ঠীর নাম করে কেন্দ্রীয় মন্ত্রীর কাছে হুমকি চিঠি এসেছে। বাংলায় টাইপ করা ঐ চিঠিতে শান্তনু ঠাকুরের পরিবারকে প্রাণনাশের পাশাপাশি এনআরসি চালু করলে হরিচাঁদ-গুরুচাঁদ ঠাকুরের মন্দির উড়িয়ে দেওয়ার কথা বলা হয়েছে। দেগঙ্গার একটি ঠিকিনা থেকে চিঠিটি পাঠানো হয়েছে বলে জানা গেছে। শান্তনু ঠাকুর জানান, গোটা বিষয়টি কেন্দ্রীয় সরকারকে জানানো হবে।

এদিকে, বিনাপানি দেবীর ঘর দখলকে কেন্দ্র করে গতকালও দফায় দফায় ঠাকুরবাড়ি চত্বর উত্তপ্ত হয়ে ওঠে। রবিবার রাতে তালা ভেঙে শান্তনু বাবু ঐ ঘরের দখল নেওয়ার পর গতকাল ধর্ণায় বসেন মমতাবালা। পরে পুলিশের হস্তক্ষেপে ঠাকুরবাড়ির না নথি মমতাবালার হাতে তুলে দেওয়া হয়। এরপরই পুলিশের ভূমিকায় সরব হন কেন্দ্রীয় মন্ত্রী।

--------------------

ঈদ উপলক্ষে ভারত ও বাংলাদেশের মধ্যে চলাচলকারী দুটি ট্রেন মৈত্রী এক্সপ্রেস ও খুলনা বন্ধন এক্সপ্রেস সাময়িক বাতিল করা হয়েছে। কলকাতা থেকে ঢাকা এবং ঢাকা থেকে কলকাতা গামী মৈত্রী এক্সপ্রেস ১৭ ই এপ্রিল পর্যন্ত বন্ধ থাকবে। তবে ১১ ই এপ্রিল দুদিকের এই পরিষেবা চালু থাকবে।

অন্যদিকে, খুলনা ও কলকাতার মধ্যে বন্ধন এক্সপ্রেস ট্রেনও ১১ ই এপ্রিল বন্ধ থাকবে বলে পূর্ব রেল সূত্রে জানা গেছে। রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক কৌশিক মিত্র বলেছেন, বাংলাদেশ রেলের অনুরোধের ভিত্তিতেই এই সিদ্ধান্ত।

বাইট

--------------------

দেশে সোনা ও রুপোর দাম, সর্বকালীন সর্বোচ্চ স্তরে পৌঁছেছে । আজ কলকাতায় ২৪ ক্যারেট সোনার বিনিময় মূল্য দাঁড়িয়েছে প্রতি ১০ গ্রাম ৭৩হাজার ৪১০ টাকা , যা এক সর্বকালীন রেকর্ড ।

রুপোর বিনিময় মূল্যও, প্রতি কেজি তে হয়েছে ৮৪ হাজার ৬০০ টাকা।

বর্তমান ভু রাজনৈতিক অস্থিরতার প্রেক্ষাপট এবং আন্তর্জাতিক কেন্দ্রীয় ব্যাঙ্ক গুলির ক্রমাগত সোনা কেনার ফলেই এই মূল্যবৃদ্ধি বলে মনে করা হচ্ছে।

-------------------- --------------------